দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 02 SEP 2015...
পৃষ্ঠা ..৫... কলাম.... 2......

# স্টামফোর্ড বিশ্ববিদ্যালয়ের বিতর্ক প্রতিযোগিতা সমাপ্ত

■ ইত্তেফাক রিপোর্ট

তীব্র যুক্তির লড়াই আর পরবর্তীতে পুরস্কার বিতরণী অনুষ্ঠানের মধ্য দিয়ে পর্দা নামলো স্টামফোর্ড ডিবেট ফোরাম (এসডিএফ) আয়োজিত ১০ম আন্তঃবিভাগ বিতর্ক প্রতিযোগিতা-২০১৫। গত ২৭ আগস্ট শুরু হওয়া এই আয়োজনের গতকাল ছিল শেষ দিন। বাংলা বিতর্কের ফাইনাল শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। এই আয়োজনের সার্বিক সহযোগিতায় ছিল স্টামফোর্ড বিশ্ববিদ্যালয়। মিডিয়া সহযোগী হিসেবে ছিল দৈনিক ইত্তেফাক, ডেইলি সান, সিটি এফএম, এনটিভিবিডি ডটকম।

পাঁচ দিনের আয়োজনে বিশ্ববিদ্যালয়ের ১৬টি বিভাগের ছাত্রছাত্রীরা প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন।

শেষ দিনে অনুষ্ঠিত হয় বাংলা বিতর্কের ফাইনাল। বিতর্কের বিষয় ছিল 'এই সংসদ বাংলাদেশের চলমান সংকট নিরসনে আন্তর্জাতিক মধ্যস্থতা মানবে না।' এতে চ্যাম্পিয়ন হয় সাংবাদিকতা বিভাগ আর রানার আপ হয় ইংরেজি বিভাগ। অপর দিকে ইংরেজি বিতর্কে ফাইনালে চ্যাম্পিয়ন হয় ইংরেজি বিভাগ। রানার আপ হয় অর্থনীতি বিভাগ। বাংলা বিতর্কের ফাইনালে শ্রেষ্ঠ বক্তা নির্বাচিত হন সাংবাদিকতা বিভাগের সোহান মোহাইমিনুল। আর এই সমগ্র আয়োজনের বাংলা বিতর্কে সেরা বিতার্কিক নির্বাচিত হন ইংরেজি বিভাগের রাকিব জোহা আর সাংবাদিকতা বিভাগের সোহান মোহাইমিনুল। ইংরেজি বিতর্কে ফাইনালের এবং সমগ্র আয়োজনের সেরা বিতার্কিক হন ইংরেজি বিভাগের মিরাজুল ইসলাম।

আয়োজনের সমাপনি ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন পিআইবি-এর মহাপরিচালক শাহ্? আলমগীর। বিশেষ অতিথি ছিলেন এনটিভিবিডি ডটকম-এর ব্যবস্থাপনা পরিচালক খন্দকার ফখরুদ্দিন আহামেদ। আরও উপস্থিত ছিলেন স্টামফোর্ড ডিবেট ফোরামের (এসডিএফ) প্রধান সমন্বয়ক আল- মামুন এবং স্টামফোর্ড ডিবেট ফোরাম (এসডিএফ) এর সভাপতি আমিমুল হাসান।

অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন এসডিএফের সাধারণ সম্পাদক আহনাফ তাহমিদ, এসডিএফের প্রতিষ্ঠাতা সভাপতি আব্দুল্লাহ মো. শুকরানা।